রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, সেপ্টেম্বর ১৯, ২০১৯**

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ/১৮ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২৯২-আইন/২০১৯।**—স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন) এর ধারা ১২০ এর উপ-ধারা (১)(খ), ধারা ২১ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম, প্রযোজ্যতা ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা পৌরসভার নির্বাচন (ইলেক্ট্রনিক ভোটিং মেশিন) বিধিমালা, ২০১৯ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা যে সকল পৌরসভার মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর নির্বাচনের ক্ষেত্রে ইভিএম ব্যবহার করা হইবে সেই সকল ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসংগের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "অডিট কার্ড" অর্থ ইভিএম কার্যকর (Operational) করা এবং ভোটগ্রহণ শেষে ভোটকেন্দ্রের ফলাফল প্রকাশের কাজে ব্যবহৃত কার্ড;

(খ) "আইন" অর্থ স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন);

(গ) "ইলেক্ট্রনিক ভোটিং মেশিন" বা "ইভিএম" অর্থ Representation of the People Order, 1972 (P.O. 155 of 1972) এর Article 2 (xia1) এ সংজ্ঞায়িত ইলেক্ট্রনিক ভোটিং মেশিন;

(ঘ) "এসডি কার্ড" অর্থ তথ্য ধারণের জন্য ব্যবহৃত মেমোরী কার্ড, যাহাতে সংশ্লিষ্ট প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের এবং ভোটকেন্দ্রের ভোটারদের বায়োমেট্রিকসহ ভোটার তালিকার তথ্য সংরক্ষিত থাকিবে;

(ঙ) "কন্ট্রোল ইউনিট" অর্থ ভোটার সনাক্তকরণ, ইলেক্ট্রনিক ব্যালট ইস্যু ও ভোট প্রদানের তথ্য সংরক্ষণ কাজে ব্যবহৃত যন্ত্র বা ডিভাইস;

(চ) "কারিগরি কমিটি" অর্থ বিধি ৬ এর উপ-বিধি (১) এ অধীন গঠিত কারিগরি কমিটি;

(ছ) "কাস্টমাইজেশন" অর্থ নির্বাচনে ব্যবহারের নিমিত্ত সংশ্লিষ্ট ভোটকেন্দ্রের ভোটারদের বায়োমেট্রিকসহ ভোটার তালিকার তথ্য, প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তথ্য এবং প্রয়োজনীয় ক্ষেত্রে প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসারদের তথ্য, কমিশন কর্তৃক অনুমোদিত প্রোগ্রামের মাধ্যমে অডিট কার্ড, পোলিং কার্ড ও এসডি কার্ডে সংরক্ষণ করা;

(জ) "পোলিং কার্ড" অর্থ সংশ্লিষ্ট ভোটকক্ষের (polling booth) ভোটগ্রহণের যাবতীয় তথ্য সংরক্ষণের জন্য ব্যবহৃত কার্ড;

(ঝ) "পৌরসভা" অর্থ আইনের ধারা ২(৪৩) তে সংজ্ঞায়িত পৌরসভা;

(ঞ) **"**ফরম**"** অর্থ এই বিধিমালার কোনো ফরম**;**

(ট) "বায়োমেট্রিক" অর্থ ভোটারের আঙ্গুলের ছাপ; এবং

(ঠ) "ব্যালট ইউনিট" অর্থ ভোটারের ভোট প্রদানের জন্য ব্যবহৃত যন্ত্র বা ডিভাইস।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইন বা তদধীন প্রণীত বিধিমালায় যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **পৌরসভা নির্বাচনে ইভিএম ব্যবহার।**—(১) পৌরসভার মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদের নির্বাচনে ভোটদাতার পরিচিতি সনাক্তকরণ, ভোটার তালিকার সহিত যাচাই, ভোট প্রদান, ভোট রেকর্ড ও গণনার উদ্দেশ্যে কমিশন, প্রতিটি ক্ষেত্রে পরিবেশ পরিস্থিতি বিবেচনা করিয়া তদ্‌কর্তৃক নির্দিষ্ট এক বা একাধিক কেন্দ্রে কিংবা সকল কেন্দ্রে ইভিএম ব্যবহার করিতে পারিবে।

(২) যেক্ষেত্রে কোনো পৌরসভার মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদের নির্বাচনে ইভিএম ব্যবহার করা হয়, সেইক্ষেত্রে ইভিএম এর মাধ্যমে ভোটদাতার পরিচিতি সনাক্তকরণ, ভোটার তালিকার সহিত যাচাই, ভোট প্রদান, ভোট প্রদানের রেকর্ড সংরক্ষণ ও গণনা করা হইবে।

(৩) যেক্ষেত্রে কোনো নির্বাচনে ইভিএম ব্যবহার করা হয়, সেইক্ষেত্রে, ভিন্নরূপ কোনো বিধান না থাকিলে, আইনের অধীন প্রণীত কোনো বিধিমালায় উল্লিখিত "ব্যালট বাক্স" বা "ব্যালট পেপার" অর্থে ইভিএমও অন্তর্ভুক্ত হইবে।

৪। **ব্যালট ইউনিটে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম ও প্রতীক।**—(১) ইভিএম এর ব্যালট ইউনিটে মেয়র পদের ক্ষেত্রে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নাম ও প্রতীক এবং সাধারণ আসনের কাউন্সিলর ও সংরক্ষিত আসনের কাউন্সিলরের ক্ষেত্রে শুধুমাত্র প্রতীক বাংলা বর্ণমালার ক্রমানুসারে প্রদর্শিত হইবে।

(২) ইভিএম এর কন্ট্রোল ইউনিট চালু এবং ব্যালট ইউনিটে সংযোগের পর ব্যালট ইউনিটে মেয়র পদের ক্ষেত্রে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম ও প্রতীক এবং সাধারণ আসনের কাউন্সিলর ও সংরক্ষিত আসনের কাউন্সিলরের ক্ষেত্রে শুধুমাত্র প্রতীক বাংলা বর্ণমালার ক্রমানুসারে দৃশ্যমান হইবে।

৫। **কাস্টমাইজেশন টিম।**—(১) প্রতিটি নির্বাচনে ইভিএম ব্যবহারের জন্য কমিশন ৩ (তিন) সদস্যবিশিষ্ট প্রয়োজনীয় সংখ্যক কাস্টমাইজেশন টিম গঠন করিতে পারিবে।

(২) কাস্টমাইজেশন টিম ভোটকেন্দ্র ও কক্ষভিত্তিক এসডি কার্ড, পোলিং কার্ড এবং অডিট কার্ড কাস্টমাইজ ও পারসোনালাইজেশন দায়িত্বে থাকিবে।

**৬। কারিগরি কমিটি।**—(১) ইভিএম এর কারিগরি দিক পরীক্ষা করিবার জন্য কমিশন কারিগরি কমিটি গঠন করিতে পারিবে।

(২) কারিগরি কমিটি—

(ক) ইভিএমসমূহে ব্যবহৃতব্য এসডি কার্ড, পোলিং কার্ড এবং অডিট কার্ড কাস্টমাইজেশনের জন্য প্রয়োজনীয় সফ্টওয়ার, কন্ট্রোল ইউনিটে ভোটারের ডাটাবেজ এর সঠিকতা যাচাই ও পরীক্ষা নিরীক্ষা করিবে; এবং

(খ) দৈবচয়নের ভিত্তিতে কমপক্ষে ১% ইভিএম এর কার্যকারিতা পরীক্ষা করিবে।

(৩) কারিগরি কমিটি উপ-বিধি (২) এর অধীন পরীক্ষা- নিরীক্ষা করিবার পর ফরম-১ অনুসারে ইভিএম এর কার্যকারিতা লিখিতভাবে প্রত্যয়ন করিবে ।

৭। **ইভিএম প্রেরণ।**—(১) নির্বাচনে ভোট গ্রহণের পূর্বে কমিশন হইতে রিটার্নিং অফিসারকে নির্বাচনি দ্রব্যাদির সহিত ইভিএম এর কন্ট্রোল ইউনিট ও ব্যালট ইউনিটে উল্লিখিত নম্বর এবং পোলিং কার্ড, অডিট কার্ড ও এসডি কার্ডে উল্লিখিত নম্বর সংরক্ষণপূর্বক নিম্নবর্ণিত দ্রব্যাদি বুঝাইয়া দিবে, যথা:—

(ক) নির্দিষ্ট সংখ্যক ইভিএম (কন্ট্রোল ইউনিট ও ব্যালট ইউনিট); এবং

(খ) নির্দিষ্ট সংখ্যক সীল করা খামে One Time Programmable পোলিং কার্ড, অডিট কার্ড, পিন ও পাসওয়ার্ড এবং এসডি কার্ড ।

(২) রিটার্নিং অফিসার ইভিএমসমূহ নিরাপত্তার সাথে সহকারী রির্টানিং অফিসারের নিকট প্রেরণ করিবেন এবং সহকারী রিটার্নিং অফিসার উল্লিখিত দ্রব্যাদি নিরাপদে রাখিবেন।

(৩) সহকারী রিটার্নিং অফিসার ছবিসহ ভোটার তালিকা এবং উপ-বিধি (১) এ বর্ণিত দ্রব্যাদি প্রিজাইডিং অফিসারকে বুঝাইয়া দিবেন।

৮। **প্রিজাইডিং অফিসারের দায়িত্ব**।—(১) প্রিজাইডিং অফিসার ইভিএম গ্রহণ করিবার পর ফরম-২ অনুযায়ী রেকর্ড সংরক্ষণপূর্বক প্রত্যেক ভোট কক্ষের সহকারী প্রিজাইডিং অফিসারকে ইভিএম বুঝাইয়া দিবেন এবং সহকারী প্রিজাইডিং অফিসারদের সহকারে কক্ষভিত্তিক মেশিনসমূহ সেটআপ করিয়া কন্ট্রোল ইউনিট এবং গোপন কক্ষে ব্যালট ইউনিটসমূহ স্থাপন করিয়া উহার কার্যকারিতা পরীক্ষা করিয়া দেখিবেন।

(২) প্রিজাইডিং অফিসার বা, ক্ষেত্রমত, সহকারী প্রিজাইডিং অফিসার ভোট গ্রহণের পূর্বে ভোট কক্ষে ব্যবহৃত ইভিএম ও ব্যালট ইউনিট উপস্থিত প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাঁহার এজেন্টদের সম্মুখে প্রদর্শন করিবেন এবং ব্যালট ইউনিটে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর তালিকা অনুযায়ী নাম ও প্রতীক সন্নিবেশিত আছে মর্মে নিশ্চিত করিবেন।

(৩) প্রিজাইডিং অফিসার উপবিধি-১ এর অধীন সংরক্ষিত রেকর্ড সম্বলিত ফরমটি অন্যান্য ফরম ও প্যাকেটের সহিত ব্যাগে ভর্তি করিয়া রিটার্নিং অফিসারের নিকট জমা দিবেন।

(৪) প্রিজাইডিং অফিসার ভোট গ্রহণ শেষে সকল কক্ষের কার্ডসহ কন্ট্রোল ইউনিটসমূহ সহকারী প্রিজাইডিং অফিসারদের সহযোগিতায় ভোট গণনার জন্য নির্ধারিত একটি কক্ষে নিয়া আসিবেন এবং একটি মেশিন হইতে কেন্দ্রভিত্তিক ফলাফল মুদ্রণ করিবেন।

৯। **সহকারী প্রিজাইডিং অফিসারের দায়িত্ব**।—(১) প্রিজাইডিং অফিসারের উপস্থিতিতে সহকারী প্রিজাইডিং অফিসার কন্ট্রোল ইউনিট ও ব্যালট ইউনিট সংযুক্ত করিয়া মেশিনের সুইচ অন করিবেন এবং সরবরাহকৃত এসডি কার্ড, অডিট কার্ড এবং পোলিং কার্ড নির্দিষ্ট স্লটে প্রবেশ করাইয়া এবং প্রদত্ত PIN ও Password প্রদান করিয়া ইভিএমটি চালু করিবেন।

(২) সহকারী প্রিজাইডিং অফিসার ভোট গ্রহণ শুরুর পূর্বে পোলিং এজেন্টদের উপ-বিধি (১) এ বর্ণিত বিষয়াদি প্রদর্শন করিবেন এবং কন্ট্রোল ইউনিটের ডিসপ্লেতে এবং তাহার প্রিন্ট কপি বাহির করিয়া Demo লেখা ও টোটাল ভোট (Total Vote) এর সংখ্যা শূন্য দেখাইয়া এই মর্মে নিশ্চিত করিবেন যে, উহা ডেমো মোড এ রহিয়াছে অর্থাৎ ইভিএমটিতে ইতোপূর্বে কোনো ভোট প্রদান করা হয় নাই।

(৩) সহকারী প্রিজাইডিং অফিসার উপ-বিধি (২) এর অধীন বাহির করা প্রিন্ট কপিতে উপস্থিত নির্বাচনি এজেন্টগণের স্বাক্ষর গ্রহণ করিবেন এবং উহা নির্ধারিত প্যাকেটে ভরিয়া অন্যান্য ফরম ও প্যাকেটের সহিত ব্যাগে ভর্তি করিয়া রাখিবেন এবং পরবর্তীতে অন্যান্য ফরম ও প্যাকেটের সহিত ব্যাগে ভর্তি করিয়া রিটার্নিং অফিসারের নিকট জমা দিবেন।

(৪) ভোট গ্রহণ শুরুর পূর্বে সহকারী প্রিজাইডিং অফিসার উপবিধি (১) , (২) ও (৩) এ বর্ণিত বিষয়াদি উল্লেখপূর্বক ফরম-৩ অনুযায়ী সংশ্লিষ্ট প্রিজাইডিং অফিসারকে একটি প্রত্যয়নপত্র প্রদান করিবেন এবং প্রত্যয়নপত্রটি অন্যান্য ফরম ও প্যাকেটের সহিত ব্যাগে ভর্তি করিয়া রিটার্নিং অফিসারের নিকট জমা দিবেন।

১০। **ডেমো ভোটগ্রহণের মাধ্যমে ইভিএম এর কার্যকারিতা ও নিরপেক্ষতা যাচাই**।—(১) ভোটদান পর্ব শুরুর আগে উপস্থিত প্রতিদ্বন্দ্বী প্রার্থী এবং পোলিং এজেন্টগণ ডেমো ভোট দিয়া মেশিনটির কার্যকারিতা ও নিরপেক্ষতা যাচাই করিয়া দেখিতে পারিবেন।

(২) সহকারী প্রিজাইডিং অফিসার ডেমো ভোট শুরুর প্রথমে ইভিএম এর মাধ্যমে শূন্য ভোট নিশ্চিত করিবেন এবং একজন ডামি ভোটারকে ভোট প্রদান করিবার জন্য আহ্বান করিবেন।

(৩) ডামি ভোটার ব্যালট ইউনিটে তাহার পছন্দনীয় প্রতিদ্বন্দ্বী প্রার্থীকে ভোট দিবেন এবং তিনি যাহাকে ভোট দিলেন তাহা একটি কাগজে লিপিবদ্ধ করিবেন।

(৪) ডেমো ভোট গ্রহণের পর ডেমো ফলাফলের জন্য সহকারী প্রিজাইডিং অফিসার অডিট কার্ড কন্ট্রোল ইউনিটে প্রবেশ করত ভোটারগণকে তাহাদের ডেমো ভোটের ফলাফল দেখাইতে পারিবেন।

১১। **ভোটারের পরিচয় নিশ্চিতকরণ।**—(১) কোনো ভোটার ভোট প্রদানের জন্য ভোটকক্ষে উপস্থিত হইবার পর ভোট প্রদানের পূর্বে সহকারী প্রিজাইডিং অফিসার ভোটার তালিকাসহ কন্ট্রোল ইউনিটে ভোটারের বায়োমেট্রিক ম্যাচিং অথবা স্মার্ট কার্ড অথবা ভোটার নম্বর অথবা জাতীয় পরিচয়পত্রের নম্বর ব্যবহার করিয়া ভোটারের পরিচয় সম্পর্কে নিশ্চিত হইবেন।

(২) যেইক্ষেত্রে ভোটারের আঙ্গুলের ছাপ ম্যাচিং হইবে না সেইক্ষেত্রে সংশ্লিষ্ট ভোটারের স্মার্ট কার্ড অথবা ভোটার নম্বর অথবা জাতীয় পরিচয়পত্রের নম্বর ব্যবহার করিয়া ভোটারের পরিচয় সম্পর্কে নিশ্চিত হইয়া সহকারী প্রিজাইডিং অফিসার, নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত হারের ভোটারের জন্য, তাহার আঙ্গুলের ছাপ দিয়া ইলেক্ট্রনিক ব্যালট ইস্যু করিতে পারিবেন।

(৩) এই বিধির অধীন যেই সকল ভোটারের আঙ্গুলের ছাপ ম্যাচিং হইবে না এবং সহকারী প্রিজাইডিং অফিসার আঙ্গুলের ছাপ দিয়া ইলেক্ট্রনিক ব্যালট ইস্যু করিবেন সেই সকল ভোটারের জন্য পৃথক লগ পোলিং কার্ডে সংরক্ষিত হইবে ।

১২। **ভোটার কর্তৃক প্রদেয় ভোট সংখ্যা।**—একজন ভোটার ইভিএম এর মাধ্যমে পৌরসভার মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর নির্বাচনের উদ্দেশ্যে একটি করিয়া ভোট প্রদান করিতে পারিবেন।

১৩। **ভোটদান পদ্ধতি।**—(১) বিধি ১১ এর অধীন ভোটারকে সনাক্ত করিবার পর একজন পোলিং অফিসার তাহার আঙ্গুলে অমোচনীয় কালি প্রদান করিবেন এবং অপর পোলিং অফিসার তাহার নিকট রক্ষিত ছবিসহ ভোটার তালিকায় তাহার স্বাক্ষর অথবা টিপসই নিয়া উপস্থিত এজেন্টদেরকে ভোটারের ক্রমিক নম্বর জানাইয়া দিবেন ও ছবিসহ ভোটার তালিকায় টিক চিহ্ন প্রদান করিয়া সহকারী প্রিজাইডিং অফিসারকে ব্যালট ইউনিট সচল করিতে অনুরোধ করিবেন এবং অমোচনীয় কালি প্রদান সম্পন্ন হইলে সহকারী প্রিজাইডিং অফিসার ভোটারের জন্য ইলেক্ট্রনিক ব্যালট ইস্যু করিবেন ।

**(২) ইলেক্ট্রনিক ব্যালট ইস্যু হইবার সঙ্গে সঙ্গে সহকারী প্রিজাইডিং অফিসার** ভোটিং মেশিনে "ভোটগ্রহণ প্রক্রিয়া চলছে, অনুগ্রহ করে অপেক্ষা করুন" মেসেজটি দেখিতে পাইবেন এবং ভোটারকে ভোট প্রদানের জন্য গোপন কক্ষে পাঠাইবেন।

(৩) গোপন কক্ষে প্রবেশের পর ভোটার যেই প্রতিদ্বন্দ্বী প্রার্থীকে ভোট প্রদান করিতে চাহেন সেই প্রতিদ্বন্দ্বী প্রার্থীর প্রতীকের পাশের বাটন চাপিয়া প্রতীক পছন্দ করিয়া সবুজ রঙের বাটন চাপিয়া ভোট প্রদান সম্পন্ন করিবেন, কোনো কারণে ভোটার ভুল প্রতীকের বাটনে চাপ দিলে এবং উহা সংশোধন

করিতে চাহিলে তাহার পছন্দের প্রতীকের বাটনে পুনরায় চাপ দিয়া ভোট প্রদান করিতে পারিবেন, এইভাবে দুইবার সংশোধন করা যাইবে, তৃতীয় বার যে প্রতীকের বাটনে চাপ দিবেন সেই প্রতীকেই ভোট প্রদান সম্পন্ন হইবে এবং একই পদ্ধতি অনুসরণ করিয়া অপর দুইটি পদের ভোট প্রদান সম্পন্ন করিবেন, তবে যদি কোনো ভোটার কোনো পদে ভোট প্রদান করিতে না চায়, তাহা হইলে সংশ্লিষ্ট পদের ব্যালট ইউনিটে লাল বাটনে চাপ দিবেন।

(৪) ভোটারের ভোট প্রদান সম্পন্ন হইলে সহকারী প্রিজাইডিং অফিসার কন্ট্রোল ইউনিটে "ভোটগ্রহণ সম্পন্ন" মেসেজটি দেখিতে পাইবেন এবং ভোটার "আপনার ভোট সম্পন্ন হয়েছে, ধন্যবাদ" কথাটি শুনিতে পাইবেন।

(৫) প্রত্যেক ভোটার ভোট প্রদান শেষে সবুজ বাটনে চাপ দিয়া ভোট প্রদান সমাপ্ত করিবেন এবং সহকারী প্রিজাইডিং অফিসার উক্ত বিষয়ে নিশ্চিত হইবেন; যদি কোনো কারণে কোনো ভোটার সবুজ বাটনে চাপ না দিয়া চলিয়া যায়, সেইক্ষেত্রে সহকারী প্রিজাইডিং অফিসার উহা প্রিজাইডিং অফিসারকে অবহিত করিবেন এবং প্রিজাইডিং অফিসার লাল বাটনে চাপ দিয়া সংশ্লিষ্ট ভোটারের ভোট প্রদান সমাপ্ত করিয়া পরবর্তী ভোটারের ভোট প্রদানের ব্যবস্থা করিবেন।

(৬) ভোটার পরিচয় নিশ্চিতকরণ পদ্ধতি এবং উপ-বিধি (৩) ব্যতীত ভোট প্রদান পদ্ধতি প্রদর্শনের জন্য প্রয়োজনবোধে পৃথক ডিসপ্লে ডিভাইস ব্যবহার করা যাইবে।

১৪। **প্রিজাইডিং অফিসারের নিয়ন্ত্রণ বহির্ভূত পরিস্থিতিতে ভোটগ্রহণ প্রক্রিয়া, ইত্যাদি।**—(১) যদি কোনোভাবে কোনো ভোটকেন্দ্রের ভোটগ্রহণ কার্যক্রম নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে ব্যাহত হয়, সেইক্ষেত্রে সম্ভব হইলে সহকারী প্রিজাইডিং অফিসার কন্ট্রোল ইউনিটে ব্যবহৃত পোলিং কার্ডটি কন্ট্রোল ইউনিট হইতে বাহির করিয়া নিবেন এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে আসিলে প্রিজাইডিং অফিসার রিটার্নিং অফিসারকে পরিস্থিতি অবহিত করিয়া পুনরায় ভোট গ্রহণ শুরু করিবেন।

(২) যান্ত্রিক ত্রুটিজনিত কারণে যদি কোনো ইভিএম এ ভোট গ্রহণ করা সম্ভব না হয়, সেইক্ষেত্রে সহকারী প্রিজাইডিং অফিসার উহা প্রিজাইডিং অফিসারকে অবহিত করিবেন এবং প্রিজাইডিং অফিসার সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের অনুমতি গ্রহণপূর্বক কেন্দ্রে সংরক্ষিত ব্যাকআপ ইভিএম অবশিষ্ট ভোট গ্রহণের নিমিত্ত সহকারী প্রিজাইডিং অফিসারকে হস্তান্তর করিবেন; অতঃপর সহকারী প্রিজাইডিং অফিসার পূর্বের ন্যায় ভোট গ্রহণ শুরু করিবেন এবং এইক্ষেত্রে সহকারী প্রিজাইডিং অফিসার কক্ষে উপস্থিত পোলিং এজেন্টগণকে গোলযোগের পূর্বে গৃহীত ভোটের সংখ্যার সহিত "পোলিং কার্ড" এ সংরক্ষিত মোট গৃহীত ভোটের সংখ্যা যে মিল রহিয়াছে তাহা প্রদর্শন করিবেন।

(৩) কোনো যান্ত্রিক ত্রুটি বা প্রিজাইডিং অফিসারের নিয়ন্ত্রণ বহির্ভূত অন্য কোনো কারণে যদি ভোটগ্রহণ এমনভাবে বাধাগ্রস্ত হয় যে, নির্ধারিত সময়ের মধ্যে ভোট গ্রহণ শুরু করা অথবা পুনরায় ভোটগ্রহণ শুরু করা সম্ভব নহে বা ভোটকেন্দ্রের ফলাফল নির্ধারণ করা সম্ভব নহে, তাহা হইলে প্রিজাইডিং অফিসার ভোটগ্রহণ বন্ধ ঘোষণা করিয়া রিটার্নিং অফিসারকে অবহিত করিবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীন ভোটগ্রহণ বন্ধ করিয়া দেওয়া হইলে, রিটার্নিং অফিসার অবিলম্বে উক্ত ঘটনা সম্পর্কে কমিশনকে অবহিত করিবেন এবং কমিশন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

১৫। **ভোট গ্রহণ শেষে সহকারী প্রিজাইডিং অফিসারের দায়িত্ব।**—(১) সহকারী প্রিজাইডিং অফিসার ভোট গ্রহণ শেষে পোলিং এজেন্ট এবং আইনগতভাবে অনুমতিপ্রাপ্ত ব্যক্তিবর্গের সম্মুখে "ভোট শেষ" বাটনটি চাপিবেন যাহার ফলে উক্ত ইভিএম এ আর কোনো ভোট গৃহীত হইবে না।

(২) সহকারী প্রিজাইডিং অফিসার ভোট গণনার জন্য ইভিএম প্রিজাইডিং অফিসারের নিকট নিয়া যাইবেন।

১৬। **ভোট গণনা।**—প্রিজাইডিং অফিসার আইনগতভাবে অনুমতিপ্রাপ্ত ব্যক্তিবর্গের সম্মুখে কেন্দ্রভিত্তিক ইভিএম এর কন্ট্রোল ইউনিট হইতে ফলাফল মুদ্রণ করিবেন, এবং মুদ্রণকৃত ফলাফল এর কপিতে প্রিজাইডিং অফিসার নিজে স্বাক্ষর করিবেন এবং উপস্থিত পোলিং এজেন্টদের স্বাক্ষর গ্রহণ করিবেন, কেহ স্বাক্ষর প্রদানে অস্বীকৃতি জ্ঞাপন করিলে উহাও লিপিবদ্ধ করিবেন ।

১৭। **ভোট গণনার বিবরণী প্রস্তুত।**—(১) প্রিজাইডিং অফিসার বিধি ১৬ এর অধীন ইভিএম হইতে মুদ্রিত ফলাফল স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর তফসিল-১ এর ফরম-ঞ, ঞ-১ ও ঞ-২ তে যথাক্রমে মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর ও সাধারণ আসনের কাউন্সিলর পদের জন্য ভোট গণনার বিবরণী প্রস্তুত করিবেন।

১৮। **ইভিএম এর ফলাফল পুনরায় যাচাই।**—রিটার্নিং অফিসার কোনো ভোটকেন্দ্রের ইভিএম এর ফলাফল পুনরায় যাচাই করিবেন না, যদি না—

(ক) কোনো প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাহার নির্বাচনি এজেন্ট কর্তৃক লিখিতভাবে প্রিজাইডিং অফিসারের গণনা সম্পর্কে আপত্তি করা হয় এবং রিটার্নিং অফিসার ঐ আপত্তির যথার্থতা সম্পর্কে সন্তুষ্ট হন; অথবা

(খ) তিনি কমিশন কর্তৃক ইহা করিতে আদিষ্ট হন ।

১৯। **ভোট গণনার পর ইভিএম ও ব্যবহৃত এসডি কার্ড, অডিট কার্ড এবং পোলিং কার্ড হস্তান্তর।**—(১) ভোট গণনা শেষে ফলাফল ঘোষণার পর প্রিজাইডিং অফিসার ভোটকেন্দ্রে ব্যবহৃত এসডি কার্ড, অডিট কার্ড ও পোলিং কার্ড একটি প্যাকেটে সিলগালা করিবেন এবং উহা অন্যান্য নির্বাচনি মালামালের সাথে ব্যাগে রাখিয়া সিলগালা করিয়া ইভিএম এর কন্ট্রোল ইউনিট ও ব্যালট ইউনিটসহ অন্যান্য যন্ত্রপাতি ইভিএম বাক্সে রাখিয়া সিলগালাকৃত ব্যাগ ও ইভিএম বাক্স এবং পৃথক প্যাকেটে ফলাফল বিবরণী রিটার্নিং অফিসার বা সহকারী রিটার্নিং অফিসারের নিকট জমা দিবেন।

(২) রিটার্নিং অফিসার স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধান অনুসারে অনতিবিলম্বে ফলাফল ঘোষণা করিবেন।

**২০। ব্যবহৃত ইভিএম সংরক্ষণ ও পুনঃব্যবহার।**—(১) নির্বাচন শেষে রিটার্নিং অফিসার ইভিএমসমূহ সংশ্লিষ্ট জেলা নির্বাচন অফিসারকে বুঝাইয়া দিবেন এবং জেলা নির্বাচন অফিসার কমিশনের নির্দেশনা অনুসারে সংরক্ষণ করিবেন।

(২) সংরক্ষিত ইভিএমসমূহ কমিশনের নির্দেশনা মোতাবেক অন্য কোনো নির্বাচনে ব্যবহারের ব্যবস্থা গ্রহণ করিবেন।

২১। **কার্ডসমূহ সংরক্ষণ ।**—(১) নির্বাচনি ট্রাইব্যুনাল বা ক্ষেত্রমত, নির্বাচনি আপিল ট্রাইব্যুনাল এসডি কার্ড, অডিট কার্ড ও পোলিং কার্ড এ রক্ষিত ফলাফল ও ভোটার তালিকা পুনঃপরীক্ষা বা গণনার নির্দেশ প্রদান করিতে পারিবে এবং সেইক্ষেত্রে ব্যবহৃত সিলকরা কার্ডসমূহ যে কোনো ইভিএম এ প্রবেশ করাইয়া ফলাফল পুনরুদ্ধার করার ব্যবস্থা করিবে।

(২) নির্বাচনি দরখাস্ত বা অন্য কোনো কারণে সংরক্ষণের প্রয়োজন না হইলে ব্যবহৃত কার্ডসমূহ নির্বাচনি ফলাফল সরকারি গেজেটে প্রকাশের তারিখ হইতে পরবর্তী ১ (এক) বৎসর পর্যন্ত জেলা নির্বাচন অফিসার উহা সংরক্ষণের ব্যবস্থা করিবেন এবং উক্ত মেয়াদ শেষে সংরক্ষিত কার্ডসমূহের বিষয়ে নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুসারে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হইবে।

২২। **অপরাধ ও দণ্ড ।**—(১) কোনো ব্যক্তি—

(ক) যথাযথ কর্তৃত্ব ও যুক্তিসঙ্গত কারণ ব্যতীত ইভিএম সংশ্লিষ্ট কিংবা ইভিএম এ ব্যবহৃত বা ব্যবহার করা হইবে এমন কোনো ডিভাইস, সরঞ্জামাদি বা সফ্টওয়ার প্রোগ্রাম বিনষ্ট করিবেন না কিংবা উহাতে বেআইনি হস্তক্ষেপ করিবেন না; বা

(খ) কোনো ভোটকেন্দ্র হইতে ইভিএম এর কোনো ডিভাইস বা সরঞ্জামাদি বেআইনিভাবে অন্য কোথাও সরাইবেন না বা উহার উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করিবেন না; বা

(গ) কোনো ভোটকেন্দ্রে বেআইনিভাবে ইভিএম ব্যবহার করিয়া জাল ভোট প্রদান করিবেন না; বা

(ঘ) ইভিএম এর কোনো ডিভাইস, সরঞ্জামাদি বা সফ্টওয়ার প্রোগ্রাম বেআইনিভাবে নকল করিবেন না; বা

(ঙ) ইভিএম এর তথ্যভাণ্ডারে সংরক্ষিত তথ্যে অনধিকার প্রবেশ করিবেন না, কিংবা তথ্যে বিকৃতি বা বিনষ্ট করিবেন না; বা

(চ) দফা (ক), (খ), (গ), (ঘ) এবং (ঙ) এ উল্লিখিত অপরাধ সংঘটনে অন্য কোনো ব্যক্তিকে সহায়তা করিবেন না।

(২) কোনো ব্যক্তি উপ-বিধি (১) এ উল্লিখিত কোনো বিধান লংঘন করিলে উহা হইবে একটি অপরাধ এবং উক্ত অপরাধ সংঘটনের জন্য তিনি অন্যূন ৬ (ছয়) মাস ও অনধিক ৫ (পাঁচ) বৎসর কারাদণ্ডে বা অনধিক পঞ্চাশ হাজার টাকা অর্থদণ্ডে বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

২৩। **তদন্ত এবং অপরাধ বিচারার্থ গ্রহণ।**—(১) যদি কমিশনের নিকট বিশ্বাস করিবার কারণ থাকে যে, বিধি ২২ এর অধীন কোনো অপরাধ সংঘটিত হইয়াছে, তাহা হইলে উহা উদ্‌ঘাটনের জন্য তৎবিবেচনায় উপযুক্ত কোনো তদন্ত করাইতে বা ফৌজদারি মামলা দায়ের করিতে বা করাইতে পারিবে।

(২) কমিশন বা উহার নিকট হইতে এতদুদ্দেশ্যে সাধারণ বা বিশেষভাবে ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তির লিখিত অভিযোগ ব্যতীত কোনো আদালত বিধি ২২ এর অধীন কোনো অপরাধ বিচারার্থ আমলে গ্রহণ করিবে না।

**২৪। মামলা দায়েরর সময়সীমা।**—বিধি ২২ এ উল্লিখিত অপরাধের মামলা উক্ত অপরাধ সংঘটিত হইবার ৬ (ছয়) মাসের মধ্যে দায়ের করা না হইলে, উক্ত মেয়াদ অবসানের পর সংশ্লিষ্ট অপরাধের জন্য কোনো মামলা দায়ের করা যাইবে না।

২৫। **এই বিধিমালার বিধানাবলির অতিরিক্ততা।**—এই বিধিমালার বিধানাবলি আইনের অধীন প্রণীত কোনো বিধিমালার ব্যত্যয়ে না হইয়া উহার অতিরিক্ত হইবে।

২৬। **রহিতকরণ ও হেফাজত।**—(১) পৌরসভা নির্বাচন (ইলেক্ট্রনিক ভোটিং মেশিন) বিধিমালা, ২০১২, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্‌দ্বারা রহিত করা হইল ।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও উক্ত বিধিমালার অধীন—

(ক) কৃত কোনো কার্যক্রম বা গৃহীত ব্যবস্থা বা প্রদত্ত আদেশ বা নির্দেশ এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত বা প্রদত্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(খ) দায়েরকৃত কোনো মামলা বা কার্যধারা কোনো আদালতে চলমান থাকিলে উহা এমনভাবে নিষ্পত্তি করিতে হইবে যেন উক্ত বিধিমালা রহিত হয় নাই ।

**ফরম-১**

**[বিধি ৬(৩) দ্রষ্টব্য]**

ইভিএম এর কার্যকারিতা সম্পর্কিত কারিগরি কমিটির প্রত্যয়নপত্র

[ ] পৌরসভা

যাচাইকৃত ইভিএম এর সংখ্যা [ ] টি

| যাচাইকৃত ইভিএম নম্বর | |
|---|---|
| কন্ট্রোল ইউনিট নম্বর | ব্যালট ইউনিট নম্বর |
| | |

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, সফ্টওয়ার ইনস্টল করিবার পর নির্ধারিত সংখ্যক ইভিএম এর কার্যকারিতা পরীক্ষা, কেন্দ্রভিত্তিক অডিট কার্ড, পোলিং কার্ড ও এসডি কার্ডসমূহের কার্যকারিতা পরীক্ষা করিয়া সঠিক পাওয়া গিয়াছে এবং ইভিএমসমূহ নির্বাচন উপযোগী।

**কমিটির সদস্যগণের নাম ও স্বাক্ষর**

| সদস্যের নাম | স্বাক্ষর |
|---|---|
| ১ | ২ |
| | |
| | |
| | |
| | |
| | |
| | |
| | |
| | |
| | |
| | |

তারিখ : [ ][ ] দিন [ ][ ] মাস [ ][ ][ ][ ] বৎসর

**ফরম-২**

**[বিধি ৮(১) দ্রষ্টব্য]**

প্রিজাইডিং অফিসার কর্তৃক সহকারী প্রিজাইডিং অফিসারকে ইভিএম বুঝাইয়া দেওয়ার রেকর্ড

[ ] পৌরসভা [ ][ ] নম্বর সাধারণ ওয়ার্ড [ ] উপজেলা

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, [ ]

(ভোটকেন্দ্রের নম্বর ও নাম)

ভোটকেন্দ্রে ব্যবহারের নিমিত্তে নিম্নরূপে ইভিএমসমূহ বুঝাইয়া দেওয়া হইল :—

| ক্রমিক নম্বর | ইভিএম নম্বর | | ভোটকক্ষের নম্বর | গ্রহণকারী সহকারী প্রিজাইডিং বা পোলিং অফিসারের নাম ও স্বাক্ষর |
|---|---|---|---|---|
| | কন্ট্রোল ইউনিট নম্বর | ব্যালট ইউনিট নম্বর | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

স্থান : [ ] [ ]

প্রিজাইডিং অফিসারের নাম, স্বাক্ষর ও সীল (যদি থাকে)

তারিখ : [ ][ ] দিন [ ][ ] মাস [ ][ ][ ][ ] বৎসর

**ফরম-৩**

**[বিধি ৯(৪) দ্রষ্টব্য]**

ইভিএম এর কার্যকারিতা সম্পর্কিত সহকারী প্রিজাইডিং অফিসারের প্রত্যয়নপত্র

[ ] পৌরসভা [ ][ ] নম্বর সাধারণ ওয়ার্ড [ ] উপজেলা

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, [ ]

(ভোটকেন্দ্রের নম্বর ও নাম)

ভোটকেন্দ্রের ......... নম্বর ভোটকক্ষে সরবরাহকৃত ইভিএমটির কার্যকারিতা পরীক্ষা করিয়া সঠিক পাওয়া গিয়াছে।

| ক্রমিক নম্বর | পোলিং এজেন্টের নাম | পোলিং এজেন্টের স্বাক্ষর |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |

স্থান : [ ] [ ]

সহকারী প্রিজাইডিং অফিসারের নাম,
স্বাক্ষর ও সীল (যদি থাকে)

তারিখ : [ ][ ] দিন [ ][ ] মাস [ ][ ][ ][ ] বৎসর

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**মোঃ আলমগীর**
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd